

নগর আলো ফাউন্ডেশন

আবাসন প্রকল্প নীতিমালা



Office Address

NAGAR ALO FOUNDATION

House no : 18, Road no : 02, Block no : E, Section : 12, Police Station : Pallabi

Residential Area : Mirpur, City : Dhaka, Postal Code : 1216

Email : nafdhaka@gmail.com, Tel : 88-0171203062

নগর আলো ফাউন্ডেশন

আবাসন প্রকল্প

নিয়মাবলী

নগর আলো ফাউন্ডেশন মূলত বাংলাদেশের নগর দরিদ্রদের দারিদ্র্য-বিমোচন ও জীবনযাত্রার সার্বিক মানোন্নয়নে বিভিন্নমুখী কার্যক্রম পরিচালনা করছে। সংস্থার একটি বিশেষ প্রকল্প হলো আবাসন প্রকল্প। সংস্থার বর্তমান কর্মএলাকার দরিদ্র জনগোষ্ঠী বিশেষ করে বস্তিবাসীদের আবাসন সমস্যা সমাধানার্থে এই প্রকল্প কাজ করবে। আবাসন ব্যবস্থার জন্য মূলত এটি একটি সঞ্চয় প্রক্রিয়া। এ সঞ্চয় প্রক্রিয়ায় সংস্থার যেকোনো সদস্যসহ সদস্য নন এমন নগর দরিদ্র যেকেউ অংশগ্রহণ করতে পারবে। এ প্রকল্পে সুনির্দিষ্ট নিয়মের আওতায় সকল ধরনের সদস্য যাতে স্বচ্ছন্দে সঞ্চয় করতে পারেন তার জন্য সংস্থার সাধারণ সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রাথমিকভাবে নিম্নরূপ নিয়ম-কানুন প্রণীত হলো। পরবর্তি সিদ্ধান্তের আগ পর্যন্ত আবাসন প্রকল্পের সকল সদস্যর জন্য ১লা জানুয়ারি ২০২০ থেকে এই নিয়ম কার্যকর হবে।

১. প্রথমে একটি সদস্যফরম পূরণ করে ১ কপি ছবিসহ প্রকল্পের সদস্য হতে হবে।
২. আবাসন প্রকল্পে প্রতিমাসে পাশবইয়ে উল্লিখিত অংকের নগদ টাকা জমা দিতে হবে।
৩. সদস্যরা নির্ধারিত মূল্যে পাশবই ক্রয় করে নিজ দায়িত্বে রাখবেন। পাশবই হারিয়ে গেলে সংস্থার নির্বাহী কমিটি বরাবরে আবেদন করে নির্ধারিত মূল্যে পুনরায় পাশবই গ্রহণ করে হিসাব বিভাগ থেকে জমার হিসাব হালনাগাদ করে নিতে হবে।
৪. পাশবই ও জমা রশিদ এই আবাসন প্রকল্প বাস্তবায়ন কমিটির হিসাব রক্ষণ/ক্যাশিয়ার এর স্বাক্ষর ছাড়া কোনো লেনদেন করা যাবে না। করলে এর দায়-দায়িত্ব আবাসন প্রকল্প বাস্তবায়ন কমিটি গ্রহণ করবে না। প্রতি কিস্তির টাকা জমা নেয়ার সময় গ্রহণকারী অবশ্যই পাশবইতে স্বাক্ষর করবেন।
৫. প্রতি মাসের ২ তারিখ থেকে ২০ তারিখ এর মধ্যে সংশ্লিষ্ট উন্নয়ন এলাকা কার্যালয়ে এসে নিজ দায়িত্বে নির্ধারিত কিস্তির টাকা জমা দিতে হবে। ব্যর্থতায় প্রতিমাসের জন্য শতকরা

৫ টাকা হারে জরিমানা আদায় হবে। জরিমানা থেকে আদায়কৃত অর্থ মোট জমার সাথে যুক্ত হবে না। এ অর্থ বিবিধ খাতে জমা ও খরচ হবে। জরিমানার টাকা অফেরতযোগ্য।

৬. আবাসন প্রকল্পের কাজের স্বচ্ছতার জন্য সকল প্রকার লেনদেন ব্যাংকের মাধ্যমে হবে।

৭. সদস্যপদ আবাসন প্রকল্প বাস্তবায়ন কমিটি ব্যতীত অন্য কারো নিকট হস্তান্তর কিংবা বিক্রয় করা যাবে না। কেবলমাত্র আবাসন প্রকল্প বাস্তবায়ন কমিটির নিকট হস্তান্তর করে জমাকৃত মূলটাকা ফেরত নেয়া যাবে তবে সেক্ষেত্রে ফ্লাটের অপচয় (Depreciation) মূল্য বাদ দিয়ে মূল্য নির্ধারণ করা হবে।

৮. কোনো সদস্যের জমি ও ফ্লাট এর অনুকূলে জমাকৃত অর্থ জমা পরবর্তী ৩ (তিন) বছরের মধ্যে উত্তোলন করতে পারবে না। কেবল মৃত্যু, পঙ্গু ও দেশত্যাগজনিত কারণে অর্থ উত্তোলনের জন্য আবাসন প্রকল্প বাস্তবায়ন কমিটি বরাবরে আবেদন করতে হবে। কমিটি আবেদন যাচাই-বাছাই করে সিদ্ধান্ত গ্রহণ করবে।

৯. বিবিধ :

নগর দরিদ্রদের আবাসন প্রকল্প এক অলাভজনক প্রকল্প। এ প্রকল্পের জমাকৃত টাকার কোনো লভ্যাংশ প্রদান করা হবে না।

আবাসন প্রকল্প এলাকার সকল সদস্য আবাসন পরিচালনা কমিটির প্রণীত নীতিমালা মেনে বসবাস করবেন এবং আবাসন এলাকার শান্তি-শৃঙ্খলা ও সামাজিক মূল্যবোধ রক্ষায় নিজেকে নিয়োজিত রাখবেন।

পরবর্তীতে পরিস্থিতির প্রেক্ষিতে নগর দরিদ্রদের আবাসন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত নিয়মাবলী এবং কাঠামো পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজন করার ক্ষমতা নগর দরিদ্র আবাসন প্রকল্প বাস্তবায়ন কমিটি সংরক্ষণ করে।

সভাপতি

সাধারণ সম্পাদক

কোষাধ্যক্ষ